## খাল সংস্কার চাই

নোয়াখালী জেলার বেগমগঞ্জ থানার অন্তর্গত ১০ নং আমিশাপাড়া ইউনিয়ন পরিষদের আওতায় বটগ্রাম-আমিশাপাড়া খালের দৈর্ঘ্য প্রায় ৭ মাইল। দীর্ঘদিন যাবৎ উহার কোন প্রকার সংস্কার করা হয় নাই। ফলে খালটি প্রায় ভরাট হইয়া গিয়াছে। প্রতি বৎসর খালের দুই পার্শ্বের জমিতে ইরি-বোরো চাষাবাদ করা হইলেও পানির অভাবে ফসল শুকাইয়া যায়। উক্ত খালটি খনন করিলে খালের দুই পার্শ্বে প্রায় পাঁচ হাজার একর জমিতে ইরি-বোরো ও অন্যান্য ফসল আবাদ করা সম্ভব হইবে। খালটি সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উর্ধতন কর্তৃপক্ষের সুদৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মওলানা আহমদ উল্লাহ, গ্রাম-বটগ্রাম, ডাকঘর-আবিরপাড়া, নোয়াখালী।